



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী।
coop.sadar.noakhali.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ের
উন্নয়ন”

স্মারক নম্বর: ৪৭.৬১.৭৫৮৭.০০০.১৮.০০২.২১.৬৩

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯
১৩ জুন ২০২২

বিষয়: এপিএ টিম পুন: গঠন প্রসংগে।

সূত্র: মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশিকার ০৩ নং অনুচ্ছেদের নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন এবং বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন ত্রৈমাসিক ভিত্তিতে পরীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত ২০২২-২০২৩ অর্থ বছরের নির্দেশিকার ০৩ নং নির্দেশনার আলোকে এপিএ টিমে প্রশাসন, পরিকল্পনা, উন্নয়ন, বাজেট ও আইসিটি সংশ্লিষ্ট কাজের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের অংশগ্রহণ থাকবে। এছাড়াও, জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরও এপিএ টিমে অন্তর্ভুক্ত করার নির্দেশনা থাকায় এবং প্রাক্তন টিমের সদস্য জনাব আবু বকর ছিদ্দিক, সহকারী পরিদর্শক এর পদোন্নতি জনিত কারণে একটি সদস্য পদশূন্য হওয়ায় এপিএ টিম পুনরায় গঠন করা হলো। টিমের সদস্যরা প্রতি দুই মাসে অন্তত একবার সভায় মিলিত হবে এবং এপিএ সংশ্লিষ্ট কাজের অগ্রগতি পর্যালোচনা করবে ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে, টিম লিডার সভায় সভাপতিত্ব করবেন। এপিএ ফোকাল পয়েন্ট এপিএ সংশ্লিষ্ট সকল প্রশাসনিক কাজ সম্পাদন করবেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগের বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। ফোকাল পয়েন্ট এপিএ সংশ্লিষ্ট তথ্যাদি অত্র কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশ এবং ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করা/থাকার বিষয়টি নিশ্চিত করবেন।

পুন:গঠিত এপিএ টিম

ক্র: নং	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	টিমে পদবী
০১	জনাব মিনু প্রভা ভৌমিক	উপজেলা সমবায় অফিসার	টিম লিডার
০২	জনাব সামছু উদ্দিন চৌধুরী	সহকারী পরিদর্শক	সদস্য
০৩	জনাব তৃণা দাস	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	সদস্য
০৪	জনাব মোহাম্মদ সামছু উদ্দিন	সহকারী পরিদর্শক	ফোকাল পয়েন্ট

১৩-৬-২০২২

মিনু প্রভা ভৌমিক

উপজেলা সমবায় অফিসার

ফোন: ০৩২১-৬১৩৫৭

জেলা সমবায় কর্মকর্তা, নোয়াখালী

ইমেইল: ucosadar@yahoo.com

স্মারক নম্বর: ৪৭.৬১.৭৫৮৭.০০০.১৮.০০২.২১.৬৩/১(৩)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯
১৩ জুন ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব সামছু উদ্দিন চৌধুরী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী।
- ২) জনাব মোহাম্মদ সামছু উদ্দিন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী।
- ৩) জনাব তৃণা দাস, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী।



১৩-৬-২০২২

মিনু প্রভা ভৌমিক
উপজেলা সমবায় অফিসার